

সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবিতে ‘ডি-নথি’ বাস্তবায়ন বিষয়ক প্রশিক্ষণ শুরু

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) কর্মকর্তা ও কর্মচারীদের অংশগ্রহণে ডি-নথি বাস্তবায়নে ‘ট্রেনিং অন ডি-নথি এপ্লিকেশন এন্ড স্কিল ডেভেলপমেন্ট’ বিষয়ক তিন দিনব্যাপী প্রশিক্ষণ শুরু হয়েছে। আজ রবিবার (১৪ জানুয়ারি ২০২৪) বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরি ভবনের শিক্ষা বিভাগের কম্পিউটার ল্যাব কক্ষে নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলাম।

নোবিপ্রবি আইকিউএসি পরিচালক অধ্যাপক ড. ফিরোজ আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন মাননীয় উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকী এবং কোষাধ্যক্ষ অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর, ইউজিসির আইএমসিটি বিভাগের পরিচালক ড. সুলতান মাহমুদ ভূঁইয়া, নোবিপ্রবি শিক্ষা বিজ্ঞান অনুষদের ডিন ও শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. বিপ্লব মল্লিক, রেজিস্ট্রার ও ডি-নথি বাস্তবায়ন কমিটির সদস্য সচিব জনাব মোহাম্মদ জসীম উদ্দিন এবং বিশ্ববিদ্যালয়ের উপ-পরীক্ষা নিয়ন্ত্রক জনাব মোঃ সফিকুল ইসলাম। আইকিউএসির অতিরিক্ত পরিচালক জনাব মোঃ মুহাইমিনুল ইসলাম সেলিমের সঞ্চালনায় অনুষ্ঠানে রিসোর্স পার্সন হিসেবে উপস্থিত ছিলেন ইউজিসির আইএমসিটি বিভাগের উপ-পরিচালক ইঞ্জিঃ মোহাম্মদ মনির উল্লাহ।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলাম বলেন, ডি-নথি বাস্তবায়ন বিষয়ক এই প্রশিক্ষণের মাধ্যমে আরও একধাপ এগিয়ে গেল নোবিপ্রবি। ডি-নথির মাধ্যমে অফিস পরিচালনা করলে সময় বাঁচে, একইসঙ্গে নির্ভুলভাবে কাজ করা যায়। প্রতিটি ক্ষেত্রে আমাদের দক্ষ মানব সম্পদ গড়ে তুলতে হবে। তবেই মাননীয় প্রধানমন্ত্রীর স্মার্ট বাংলাদেশ গড়ে তোলা সম্ভব। প্রশিক্ষণের সফলতা কামনা করছি এবং অংশগ্রহণকারী সবাইকে শুভেচ্ছা। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।

উল্লেখ্য, ‘ডি-নথি’ বাস্তবায়ন বিষয়ক তিন দিনব্যাপী প্রশিক্ষণে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন দফতরের ২৫ জন কর্মকর্তা ও কর্মচারী অংশ নেন।

R. Kader

রায়হান কায়সার হাশেম

সহকারী রেজিস্ট্রার

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।